৪৫

দৈনিক ইত্তেফাক
তারিখ 07 FEB 1998
পৃষ্ঠা ৬ কলাম ৮

# ফেনী জেলার ১৫৬টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই

ফেনী সংবাদদাতা ।। জেলার ১৫৬টি গ্রামে কোন সরকারী-বেসরকারী প্রাথমিক বিদ্যালয় নাই। জেলার ৫টি থানার ৫৬৪টি গ্রামে ৪০৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় আছে। রেজিষ্টার্ড ও নন-রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে ৮১টি। ইহার মধ্যে ফেনী সদর থানায় (পৌরসভাসহ) ১০৭টি সরকারী ও ২৫টি বেসরকারী, দাগনভূঞা থানায় ৮১টি সরকারী ও ১৬টি বেসরকারী, সোনাগাজী থানায় ৭৬টি সরকারী ও ১৮টি বেসরকারী, ছাগলনাইয়া থানায় ৬১টি সরকারী ও

(৮ম পৃঃ দ্রঃ)

## ফেনী জেলার

(৩য় পৃঃ পর)

১০টি বেসরকারী, পরশুরাম থানায় ৮৩টি সরকারী ও ১৫টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। জেলায় প্রায় ১ লাখ ৯৬ হাজার ১৩৮জন শিশু বিদ্যালয়ে যাওয়ার উপযুক্ত। ইহার মধ্যে প্রায় ২০ হাজার শিশু বিদ্যালয়ে যায় না।

ইহাছাড়া জেলায় প্রায় ৫ সহস্রাধিক টোকাই রহিয়াছে। তাহারা প্রাথমিক শিক্ষার সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত। সরকারী হিসাবেই দেখা যায় যে, দারিদ্র্য, প্রতিকূল পরিবেশ ও শিক্ষার উপকরণের অভাবে প্রতি বছর ১ম হইতে ৫ম শ্রেণী পর্যন্ত প্রায় ১২ হাজার ছাত্র-ছাত্রী শিক্ষাঙ্গন ত্যাগ করে। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে ২০টি প্রধান শিক্ষকপদসহ ১০০টি শিক্ষক-পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রহিয়াছে। জেলায় যেসব বেসরকারী রেজিষ্টার্ড ও নন-রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় আছে, সেইগুলিতে পড়া-লেখা তেমন হয় না। কারণ এইসব স্কুলের শিক্ষকদের চাকুরী ও বেতনের কোন নিশ্চয়তা নাই।

—জেলায় মাধ্যমিক পর্যায়ে ৬টি সরকারী ও ১১৪টি বেসরকারী এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৬টি সরকারী ও ৩টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে। এইসব সরকারী ও বেসরকারী স্কুল-কলেজের ফলাফল গত কয়েক বছর যাবৎ আশাব্যঞ্জক নয়। শিক্ষকের অভাব, রাজনৈতিক কারণ, নকলের প্রবণতা, শিক্ষা উপকরণের অভাব ইত্যাদি কারণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীর ফলাফল নিম্নমুখী ও সন্তোষজনক নয়।